গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়,
ঝালকাঠি।

স্মারক নং-৪৫.০১.৪২০০.১৮৬.১১.০১.২০২৫-৫৩

তারিখঃ ১১/০৯/২০২৫খ্রি.

## সংশোধনী পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং-প্রশা-১/এডি/১সি-০১/২০১২-২৪২০, তারিখ ২৯/০৭/২০২৫খ্রি. মোতাবেক স্বাস্থ্য অধিদপ্তরাধীন সিভিল সার্জনের কার্যালয়,ঝালকাঠি ও এর নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান সমূহে সরাসরি নিয়োগযোগ্য পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেনীর (১১-২০গ্রেড) শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি করায় রাজস্ব খাতের পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেনীর (১১-২০ গ্রেড)নিম্নলিখিত শূন্য পদ সমূহে জনবল নিয়োগের লক্ষ্যে ঝালকাঠি জেলার স্থায়ী বাসিন্দাগণের (বাংলাদেশের প্রকৃত নাগরিক) নিকট হতে নিম্নবর্ণিত শর্তে(http://csjhalakathi.teletalk.com.bd)ওয়েবসাইট অনলাইনে (online)আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন গ্রেড ও স্কেল ২০১৫ অনুযায়ী | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | কম্পিউটার অপারেটর | ০১ (এক)টি | গ্রেড-১৩<br>(১১,০০০-২৬,৫৯০/-) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগ হতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |
| ০২ | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০১ (এক)টি | গ্রেড-১৪<br>(১০,২০০-২৪,৬৮০/-) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনুন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি সর্বনিম্ন প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দ থাকতে হবে।<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন প্রতি মিনিটে বাংলায় ৪৫ শব্দ এবং ইংরেজীতে ৭০ শব্দ থাকতে হবে। |
| ০৩ | পরিসংখ্যানবিদ | ০১ (এক)টি | গ্রেড-১৪<br>(১০,২০০-২৪,৬৮০/-) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/গণিত/অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী উত্তীর্ণ হতে হবে।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। |
| ০৪ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০২ (দুই)টি | গ্রেড-১৬<br>(৯,৩০০-২২,৪৯০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষ হতে হবে এবং টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় অনুন ২০ শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে অনুন ২০ শব্দের গতি থাকতে হবে। |
| ০৫ | স্টোর কিপার | ০৩(তিন)টি | গ্রেড-১৬<br>(৯,৩০০-২২,৪৯০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) নির্বাচিত প্রার্থীকে সরকারী বিধি মোতাবেক জামানত জমা প্রদান করতে হবে। |
| ০৬ | স্বাস্থ্য সহকারী | ৩৬ (ছত্রিশ)টি | গ্রেড-১৬<br>(৯,৩০০-২২,৪৯০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ০৭ | ল্যাবরেটরী এ্যাটেনডেন্ট | ০১ (এক)টি | গ্রেড-১৯<br>(৮,৫০০-২০৫৭০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

**আবেদনের শর্ত ও নির্দেশনাবলী:**

১। আগ্রহী প্রার্থীগণ http://csjhalakathi.teletalk.com.bd ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদন করতে পারবেন। সরাসরি/ ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না।

২। নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি-বিধান/জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ জারীকৃত প্রজ্ঞাপন প্রতিপালিত হবে।

৩। আবেদনকারীর বয়স ১৫/০৯/২০২৫ খ্রি. তারিখে সর্বনিম্ন ১৮ (আঠারো) এবং সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এসএসসি সনদ/জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের প্রদত্ত জন্ম তারিখের ভিত্তিতে বয়স প্রমাণিত হবে।

৪। সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক (নির্ধারিত বয়স সীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র (NOC) এর মূলকপি বাধ্যতামূলকভাবে জমা দিতে হবে।

৫। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতঃপূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সেক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) উল্লেখসহ সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

৬। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/এডি/১সি-০১/২০১২-১০০, তারিখ ১৪/০১/২০২৪খ্রি. মোতাবেক অত্র কার্যালয়ের ডিজিটাল নথি নং-৪৫.০১.৪২০০.১৮৬.১১.০০১.২৪-২২ তারিখঃ ২৮/০৩/২০২৪খ্রি.তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল প্রার্থী আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তাদের আবেদন সঠিক থাকলে গ্রহন যোগ্য বলে বিবেচিত হবে।

৭। যারা স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশা-২/৩য় শ্রেণী নিয়োগ-৩/২০১৮/৪৫২৫ তারিখঃ ১০/০৮/২০১৮খ্রি. তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী পূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তাদের আবেদন সঠিক থাকলে গ্রহন যোগ্য বলে বিবেচিত হবে এবং তাদের বয়স পূর্বের বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী গ্রহণযোগ্য হবে। তারা বর্তমানে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির মূলে উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন এবং যোগ্য প্রার্থীদের উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণরে জন্য প্রবেশ পত্র ইস্যু করা হবে। প্রবেশপত্র ডাউনলোডের ক্ষেত্রে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ৩(তিন)দিন পূর্বে অবশ্যই প্রবেশপত্র ডাউনলোড করতে হবে। অন্যথায় প্রবেশপত্র ডাউনলোড করার ক্ষেত্রে আর কোন অপশন থাকবে না। উল্লেখ্য যে, প্রবেশপত্র ডাউনলোডের ক্ষেত্রে যদি বিজ্ঞপ্তির চাহিত ছবি ও স্বাক্ষর যথাযথ এবং স্পষ্ট না হয় তবে প্রযোজ্য ক্ষেত্রে পুনরায় ছবি এবং স্বাক্ষর আপলোড করতঃ প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। উক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

৮। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থীকে যে ওয়ার্ডের (পুরাতন) জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণও আবেদন করতে পারবেন। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে যোগ্যপ্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ডের যোগ্য প্রার্থীদেরকে নির্বাচন করা হবে।

৯। স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ভিত্তিতে) সংশ্লিষ্ট উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় এবং সিভিল সার্জনের কার্যালয়, ঝালকাঠি- এর (www.csjhalakathi.teletalk.gov.bd) ওয়েবসাইটে এবং নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

১০। কম্পিউটার অপারেটর, সাটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে নিয়োগবিধি মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১১। আবেদনকারীকে তার অর্জিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। আবেদনের সময় শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার বিষয়টি উল্লেখ না থাকলে পরবর্তীতে বিবেচনা করা হবে না। বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা মন্ত্রণালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে দাখিল করতে হবে।

১২। প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য গোপন, অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন প্রকারের প্রতারণা বা দূর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীর পরীক্ষা বা নিয়োগ বাতিল করা সহ (প্রার্থীর বিরুদ্ধে) আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

১৪। প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদের বিপরীতে আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৫। আবেদনের সময়সীমা ও নিয়মাবলী/ শর্তবলী নিম্নরূপ:

(ক) Online-এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৮/০৯/২০২৫. খ্রি. সকাল ১০.০০ ঘটিকা হতে।

(খ) Online-এ আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় ০৮/১০/২০২৫ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা পযর্ন্ত।

(গ) উক্ত সময়সীমার মধ্যে ইউজার আইডি প্রাপ্ত প্রার্থীগণ Online আবেদন সাবমিট এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১৬। Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) Pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB এর মধ্যে হতে হবে।

১৭। Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইন আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১৮। Online এ পূরণকৃত আবেদন পত্রের এক/একাধিক রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

১৯। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:**

Online এ আবেদন (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি ও স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Application preview দেখা যাবে। যদি Applicant's Copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি ও স্বাক্ষর সঠিক না থাকে, তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং পরবর্তীতে User ID ব্যবহার করে প্রার্থী নিয়োক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর এর মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য ক্রমিক নং ০১ হতে ০৬ পর্যন্ত পদের জন্য (১০০/- টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ১২/- টাকা সহ) মোট ১১২/- (একশত বারো টাকা) এবং ক্রমিক নং- ০৭ পদের জন্য (৫০/- টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ৬/-টাকা সহ)মোট =৫৬/-(ছাপ্পান্ন টাকা) অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**১ম SMS:**

CSJHALAKATHI<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: CSJHALAKATHI ABCDEF

Reply SMS: Applicant Name .......TK 112/-..0r TK 56/-.. will be charged as application Fee. Your PIN is XXXXXXXXXXX. To pay fee type CSJHALAKATI <space>YES< space>PIN and send to 16222.

**২য় SMS:**

CSJHALAKATHI<space>YES<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: CSJHALAKATHI YES XXXXXXXXXXX. and send to 16222.

Reply SMS: Congratulations Applicant's Name Payment completed successfully for csjhalakathi for Application for xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

২০। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://csjhalakathi.teletalk.com.bd অথবা www.cs.jhalakathi.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

২১। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোড পূর্বক প্রিন্ট (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) সময় অবশ্যই প্রদর্শন করবেন।

২২। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ক. User ID জানা থাকলেঃ **CSJHALAKATHI**<space>**Help**<space>**User**<space>**User ID** and send to 16222.

Example: CSJHALAKATHI Help User ABCDEF.

খ. PIN Number জানা থাকলে: **CSJHALAKATHI**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** and send to 16222.

Example: CSJHALAKATHI Help PIN 12345678.

২৩। অনলাইন এ আবেদন করতে সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd অথবা টেলিটক নম্বর থেকে 121 নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobsbd এ প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। Mail/মেসেজ এর Subject-এ Organization Name: CSJHALOKATHI, Post Name, Applicant's User ID ও Contact number অবশ্যই উল্লেখ করতে হবে।

২৪। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন, গাণিতিক ভুল ইত্যাদি (যদি থাকে) এবং প্রার্থীগণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য সিভিল সার্জনের কার্যালয়, ঝালকাঠি-এর নোটিশ বোর্ডের মাধ্যমে অথবা ওয়েব সাইটে (www.cs.jhalakathi.gov.bd) জানা যাবে।

২৫। প্রাথমিক ভাবে যাচাই বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োক্ত কাগজপত্র সমূহের মূলকপি বাধ্যতামূলক ভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারী ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখসহ) কর্তৃক সম্পাদিত হতে হবে।

২৬। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সনদ/প্রয়োজনীয় কাগজপত্রের মূলকপি সংগে আনতে হবে। (এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।)

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র/সাময়িক সনদপত্র/প্রত্যয়নপত্র/অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি।

(খ) জেলার স্থায়ী বাসিন্দা হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করত:) নাগরিকত্ব সনদ।

(গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্র।

(ঘ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের রঙিন ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি।

(ঙ) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান হিসাবে আবেদনকারী প্রার্থীকে পিতা/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদ। এ ক্ষেত্রে সনদ হিসেবে নিম্নের যে কোন একটি গ্রহণযোগ্য বিবেচিত হবে: (ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২৬.০২.২০০২ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদ। অথবা (খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১.০২.২০০৯ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০ নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত সরকার প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদ।

(চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী (উপজাতি) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ছ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর/ জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(জ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমানক।

(ঝ) সরকারী ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঞ) স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে: সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/প্রশাসক/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা, উপজেলা, ইউনিয়ন ও সংশ্লিষ্ট **ইউনিয়নের সাবেক/পুরাতন ওয়ার্ড উল্লেখ করত**:) প্রত্যয়নপত্র।

(ট) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটারে দক্ষতার প্রমাণস্বরূপ সনদপত্র।

(ঠ) ডাউনলোডকৃত Applicant's এবং Admit Card এর রঙিন প্রিন্ট কপি।

২৭। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসাবে বিবেচিত হবে। এছাড়া নিয়োগের পূর্বে ডোপটেস্ট করতে হবে। ডোপটেস্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

২৮। যে কোন তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

২৯। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেয়া হবে না।

৩০। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। অনলাইনে আবেদন ও নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো প্রকার আপত্তি উত্থাপন করা যাবে না।

৩১। লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার ফলাফল এবং নিয়োগ সংক্রান্ত সকল তথ্য সিভিল সার্জন কার্যালয়, ঝালকাঠির নোটিশ বোর্ডে ও ওয়েবসাইটে (www.cs.jhalakathi.gov.bd) পাওয়া যাবে। এছাড়া **QR Code** স্ক্যানের মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd/ ও ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাবে।

৩২। ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

বিঃ দ্রঃ- শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

সিভিল সার্জন, ঝালকাঠি- এর
ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

সিভিল সার্জন, ঝালকাঠি- এর
টেলিটক পোর্টালের QR Code

11.09.25
**(ডা. মোহাম্মাদ হুমায়ুন কবীর)**
সিভিল সার্জন, ঝালকাঠি
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণির (১১-২০ গ্রেড)
জনবল নিয়োগ কমিটি, ঝালকাঠি।

স্মারক নং-৪৫.০১.৪২০০.১৮৬.১১.০১.২০২৫- ৫৬ তারিখঃ ১১/০৯/২০২৫খ্রি.।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হ'ল। (জেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। দৃষ্টি আকর্ষণ- উপ-সচিব,প্রশাসন-১শাখা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃস্টি আকর্ষণ-সহকারী পরিচালক(সমন্বয়)।
৩। পরিচালক, প্রশাসন/অর্থ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৪। বিভাগীয় পরিচালক(স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল।
৫। উপ-সচিব,(বিশ্ব স্বাস্থ্য-১) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৬। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আঞ্চলিক কার্যালয়, বরিশাল।
৭। জেলা প্রশাসক,ঝালকাঠি।
৮। পুলিশ সুপার, ঝালকাঠি।
৯। সিভিল সার্জন,বরিশাল/পটুয়াখালী/ভোলা/বরগুনা/পিরোজপুর।
১০। অধ্যক্ষ, সরকারী কলেজ/ সরকারী মহিলা কলেজ,ঝালকাঠি।
১১। তত্বাবধায়ক, ১০০শয্যা বিশিষ্ট সদর হাসপাতাল,ঝালকাঠি।
১২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/বিটিসিএল,ঝালকাঠি।
১৩। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, ঝালকাঠি।
১৪। জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,ঝালকাঠি।
১৫। জেলা তথ্য অফিসার, ঝালকাঠি।
১৬। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন,ঝালকাঠি।
১৭। জেলা একাউন্টস এন্ড ফিনান্স অফিসার,ঝালকাঠি।
১৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর/নলছিটি/রাজাপুর/কাঠালিয়া(আমুয়া),ঝালকাঠি।
১৯। মেডিকেল অফিসার(এমওসিএস), এ কার্যালয়।
২০। অফিস নথি।

11.09.25
**(ডা. মোহাম্মাদ হুমায়ুন কবীর)**
সিভিল সার্জন,ঝালকাঠি।
ও সদস্য সচিব
পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণির (১১-২০ গ্রেড)
জনবল নিয়োগ কমিটি, ঝালকাঠি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়,ঝালকাঠি।

ঝালকাঠি জেলায় বিভিন্ন পদে শুন্য পদে নিয়োগযোগ্য শুন্য পদের তালিকা

| ক্র: নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন গ্রেড |
|---|---|---|---|
| ০১ | কম্পিউটার অপারেটর | ০১ (এক)টি | গ্রেড-১৩ |
| ০২ | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০১ (এক)টি | গ্রেড-১৪ |
| ০৩ | পরিসংখ্যানবিদ | ০১ (এক)টি | গ্রেড-১৪ |
| ০৪ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০২ (দুই)টি | গ্রেড-১৬ |
| ০৫ | স্টোর কিপার | ০৩(তিন)টি | গ্রেড-১৬ |
| ০৬ | স্বাস্থ্য সহকারী | ৩৬ (ছত্রিশ)টি | গ্রেড-১৬ |
| ০৭ | ল্যাবরেটরী এ্যাটেনডেন্ট | ০১ (এক)টি | গ্রেড-১৯ |

ঝালকাঠি জেলার ১৬তম গ্রেডে স্বাস্থ্য সহকারীদের শুন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ওয়ার্ড ওয়ারী (সাবেক ওয়ার্ড) শুন্য পদের চূড়ান্ত তালিকাঃ

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | সাবেক ওয়ার্ড নং | শুন্য পদের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ০১ | ঝালকাঠি | ঝালকাঠি সদর উপজেলা মোট= ১১(এগারো) টি শুন্য পদ | গাভারামচন্দ্রপুর | ০১ | ০১ |
| ০২ | " | | বিনয়কাঠি | ০১ | ০১ |
| ০৩-০৪ | " | | বিনয়কাঠি | ০৩ | ০২ |
| ০৫ | " | | নবগ্রাম | ০২ | ০১ |
| ০৬ | " | | কীর্তিপাশা | ০২ | ০১ |
| ০৭ | " | | বাসন্ডা | ০৩ | ০১ |
| ০৮ | " | | পোনাবালিয়া | ০১ | ০১ |
| ০৯ | " | | গাবখান | ০১ | ০১ |
| ১০ | " | | গাবখান | ০৩ | ০১ |
| ১১ | " | | শেখেরহাট | ০১ | ০১ |
| ১২ | " | নলছিটি উপজেলা মোট= ৯(নয়)টি শুন্য পদ | ভৈরবপাশা | ০৩ | ০১ |
| ১৩ | " | | কুলকাঠি | ০১ | ০১ |
| ১৪ | " | | কুলকাঠি | ০৩ | ০১ |
| ১৫ | " | | সুবিদপুর | ০৩ | ০১ |
| ১৬ | " | | কুশংঙ্গল | ০১ | ০১ |
| ১৭ | " | | সিদ্ধকাঠী | ০২ | ০১ |
| ১৮ | " | | দপদপিয়া | ০১ | ০১ |
| ১৯ | " | | দপদপিয়া | ০২ | ০১ |
| ২০ | " | | মোল্লারহাট | ০২ | ০১ |
| ২১ | " | রাজাপুর উপজেলা মোট= ৭(সাত)টি শুন্য পদ | মঠবাড়ী | ০৩ | ০১ |
| ২২-২৩ | " | | সাতুরিয়া | ০২ | ০২ |
| ২৪ | " | | শুক্তাগড় | ০১ | ০১ |
| ২৫ | " | | রাজাপুর | ০৩ | ০১ |
| ২৬ | " | | বড়ইয়া | ০১ | ০১ |
| ২৭ | " | | বড়ইয়া | ০৩ | ০১ |
| ২৮ | " | কাঠালিয়া উপজেলা মো= ৯(নয়)টি শুন্য পদ | চেচরীরামপুর | ০১ | ০১ |
| ২৯ | " | | চেচরীরামপুর | ০২ | ০১ |
| ৩০ | " | | চেচরীরামপুর | ০৩ | ০১ |
| ৩১ | " | | আমুয়া | ০১ | ০১ |
| ৩২ | " | | আমুয়া | ০২ | ০১ |
| ৩৩ | " | | কাঠালিয়া | ০৩ | ০১ |
| ৩৪ | " | | শৌলজালিয়া | ০২ | ০১ |
| ৩৫ | " | | শৌলজালিয়া | ০৩ | ০১ |
| ৩৬ | " | | আওড়াবুনিয়া | ০২ | ০১ |
| | | | | সর্বমোট = শুন্য পদ (স্বাস্থ্য সহকারী) | ৩৬(ছত্রিশ)টি |

সাবেক ১নং ওয়ার্ড- বর্তমান ওয়ার্ড নং ১,২,৩।
সাবেক ২নং ওয়ার্ড- বর্তমান ওয়ার্ড নং ৪,৫,৬।
সাবেক ৩নং ওয়ার্ড- বর্তমান ওয়ার্ড নং ৭,৮,৯।

১১.০৭.২৫
(ডা.মোহাম্মদ হুমায়ুন কবীর)
সিভিল সার্জন,ঝালকাঠি।